# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.২২.০০১৪.২০২৫.৫৭

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স, ২০২৩- এর সংশোধন, ২০২৬ প্রসঙ্গে।**

**সূত্র: কর্তৃপক্ষের স্মারক নম্বর: ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০২০.২০৭; তারিখ: ১৬ আগস্ট ২০২৩**

কর্তৃপক্ষ কর্তৃক ১৬ আগস্ট ২০২৩ তারিখে জারীকৃত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স-২০২৩' কে বিদ্যমান বাস্তবতায় যুগোপযোগী করা আবশ্যক। সে লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ১৫(প) ধারা এবং জারীকৃত গাইডলাইন্স- এর ১৮ নম্বর ক্রমিকে বর্ণিত গাইডলাইনে কর্তৃপক্ষের প্রদত্ত সংশোধনী আনয়নের ক্ষমতার আলোকে প্রয়োজন বিবেচনায় গাইডলাইন্সের সংযোজন/সংশোধন/পরিমার্জন করা হয়েছে।

২.০ বর্ণিতাবস্থায়, "**রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স, ২০২৩- এর সংশোধন, ২০২৬**" (**সংযুক্ত**) সংযোজন/সংশোধন/পরিমার্জনের বিষয়টি আপনার সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে অবহিত করা হলো।

**সংযুক্তি:** রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স, ২০২৩- এর সংশোধন, ২০২৬।

১.৩.২০২৬

মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)
ফোন: ০২- ৪১০৫১৩৮৫
ই-মেইল: directorlaw@idra.org.bd

**বিতরণ (কার্যার্থে):**

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক
২) চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, সকল বীমাকারী
৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৪) ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন ও সাধারণ বীমা কর্পোরেশন
৫) মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬) সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৮) প্রেসিডেন্ট, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)
৯) মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল বীমাকারী

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মিডিয়া এন্ড কমিউনিকেশন পরামর্শক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
২. চেয়ারম্যানের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৪. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৫. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৬. সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. অফিস কপি।

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স, ২০২৩ এর সংশোধন, ২০২৬**

কর্তৃপক্ষ কর্তৃক ১৬ আগস্ট ২০২৩ তারিখে জারীকৃত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স-২০২৩' কে বিদ্যমান বাস্তবতায় যুগোপযোগী করা আবশ্যক। সে লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ১৫(প) ধারা এবং জারীকৃত গাইডলাইন্স- এর ১৮ নম্বর ক্রমিকে বর্ণিত গাইডলাইনে কর্তৃপক্ষের প্রদত্ত সংশোধনী আনয়নের ক্ষমতার আলোকে কর্তৃপক্ষ 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (**Regulatory Sandbox**) গাইডলাইন্স-২০২৩ এর নিম্নরূপ সংশোধন করা হলো যা জারির তারিখ থেকে কার্যকর হবেঃ

১। বর্ণিত গাইডলাইন্সের মুখবন্ধ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"**মুখবন্ধ:** দ্রুত বিকাশমান তথ্য প্রযুক্তির উৎকর্ষতায় বীমা গ্রাহকদের নতুন পরিকল্প এবং দ্রুত ও স্বচ্ছতার সাথে বীমা সেবা পাওয়ার জন্য তাদের চাহিদায় ব্যাপক পরিবর্তন এসেছে। সাম্প্রতিক অগ্রগতি সত্তেও, বীমা শিল্পে উদ্ভাবনের (innovation) অপার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে Insurtech /Start-up/Fintech তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির মাধ্যমে বীমা খাতে উদ্ভাবনের সুযোগ গ্রহণ করা প্রয়োজন। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এ ধারা ১৫(প) অনুযায়ী বীমা শিল্পের উন্নয়নে সম্পূরক ও প্রাসঙ্গিক কার্যাবলী সম্পাদনের দায়িত্ব কর্তৃপক্ষের উপরে অর্পিত আছে। বীমা শিল্পে তথ্য প্রযুক্তিখাতকে সম্পৃক্ত করাসহ (আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স (AI), বিগ ডেটা প্রভৃতি) বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এরূপ কোনো প্রযুক্তির মাধ্যমে বীমা খাতের বিকাশ, গ্রাহকদের সময় ও খরচ হ্রাসসহ স্বার্থ সংরক্ষণ, জাতীয় বীমা নীতির বাস্তবায়নে কর্তৃপক্ষের উপর অর্পিত দায়িত্ব পরিপালনের উদ্দেশ্যে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স-২০২৩' জারি করেছে।"।

২। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৩ এর (৩) এ 'Regulatory Sandbox' এর সংজ্ঞা নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৩) 'Regulatory Sandbox' অর্থ এমন ব্যবস্থা যাতে নতুন ব্যবসায়িক ধারা সৃষ্টির লক্ষ্যে তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির মাধ্যমে নতুন বীমা পরিকল্প বা সেবা উদ্ভাবনের জন্য পরীক্ষামূলক কার্যক্রম পরিচালনার সুযোগ সৃষ্টি করা যা বিদ্যমান বিধি-বিধান দ্বারা সমর্থিত বা প্রচলিত বিধি-বিধানের সাথে সংগতিপূর্ণ নাও হতে পারে;"।

৩। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৪ এর (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"(খ) কোন Insurtech/Start up/Fintech প্রতিষ্ঠান, যে বা যারা কোনো বীমাকারীর সাথে এই গাইডলাইন্সে বর্ণিত কোনো কার্যক্রম পরিচালনার জন্য চুক্তি বা অন্য কোনো ব্যবস্থাধীনে থাকে; এবং"।

৪। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৫. **রেগুলেটরি স্যান্ডবক্সে আবেদনের ক্ষেত্র:** বাংলাদেশের বীমা শিল্পে আধুনিক প্রযুক্তিগত উদ্ভাবন/প্রয়োগ ও বাস্তবায়নে কোনো নিবন্ধিত বীমাকারীকে নিম্নবর্ণিত যে কোন এক বা একাধিক কার্যক্রম সম্পাদনে সহায়তা প্রদানের অনুমতি প্রাপ্তির জন্য insurtech/start up/Fintech প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবে:

ক) বীমা পরিকল্প উদ্ভাবনে সহায়তা প্রদান;

খ) বীমা পণ্য বিপনন (ই-কমার্স সহ) সহায়তা প্রদান;

গ) বীমা দাবি নিষ্পত্তির সেবা প্রদানে সহায়তা প্রদান;

ঘ) অবলিখন (Underwriting) সহায়তা প্রদান; এবং

ঙ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রকৃতির বীমা সেবায় সহায়তা প্রদান।"।

৫। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৬ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৬. **আবেদন যোগ্যতার মানদন্ড:** বাংলাদেশে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান যার-

ক) অতীতে তথ্য প্রযুক্তি খাতে বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির উদ্ভাবনে/প্রয়োগে সাফল্যের স্বীকৃতি আছে;

খ) আর্থিক খাতে তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির উদ্ভাবন/প্রয়োগ করার সক্ষমতা রয়েছে; এবং

গ) বাংলাদেশে বীমা ব্যবসায়ে নিয়োজিত বীমাকারীর সাথে অনুচ্ছেদ ৫ অনুযায়ী বীমা পণ্য/সেবার জন্য সম্পাদিত সমঝোতা স্মারক বা চুক্তিপত্র রয়েছে।"।

৬। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৭ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৭. **আবেদন পদ্ধতি:** রেগুলেটরি স্যান্ডবক্সে অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত দলিলাদি/প্রমাণকসহ আবেদন দাখিল করতে হবে:-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি;

(খ) নিবন্ধন সনদের সত্যায়িত কপি এবং সংঘবিধি ও সংঘ স্মারকের অবিকল নকলের কপি:

(গ) হালনাগাদ আয়কর সনদ ও মূল্য সংযোজন করের নিবন্ধন কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) যে বিষয়ে বীমাখাতে তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির উদ্ভাবন/প্রয়োগ হবে তার ডায়াগ্রামসহ সংক্ষিপ্ত বিবরণ;

(ঙ) বীমা ব্যবসায় তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির উদ্ভাবনের/প্রয়োগের মাধ্যমে উদ্ভাবন পরিকল্পনা এবং বাস্তবায়নের পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ ও সুনিদিষ্ট কর্মকৌশল;

(চ) আবেদন প্রক্রিয়াকরণের নিমিত্ত অনুচেছদ ৫ এ বর্ণিত প্রতিটি ক্ষেত্রের জন্য অফেরৎযোগ্য দশ হাজার টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট; এবং

(ছ) আর্থিক খাতে তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তি ব্যবহার করার সক্ষমতা আছে মর্মে বেসিস হতে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।"।

৭। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৮ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৮. **অনুমোদন প্রদান:** কর্তৃপক্ষ সন্তুষ্ট হলে এবং নিম্নবর্ণিত শর্ত পূরণ করলে রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) ফ্রেমওয়ার্কের অধীনে কর্তৃপক্ষ কর্তৃক কার্যক্রম পরিচালনা করার অনুমোদন প্রদান করা হবে:-

(ক) দেশের বীমা শিল্পের জন্য তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন (innovation) উপকারি হলে;

(খ) তথ্য প্রযুক্তি বা বীমা শিল্পে ব্যবহার করা সম্ভব এমন কোনো প্রযুক্তির মাধ্যমে উদ্ভাবন বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষিত হলে;

(গ) একটি নিরাপদ ও সংরক্ষিত ব্যবস্থার মাধ্যমে বীমায় অন্তর্ভুক্তি এবং বীমার পেনিট্রেশন বৃদ্ধি পেলে; এবং

(ঘ) আইন, বিধি-বিধান ও কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনার মাধ্যমে নির্দিষ্টকৃত অন্যান্য শর্তাদি পূরণ করলে।"।

৮। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৯ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"৯. **অনুমোদন গ্রহণ ব্যতিরেকে কার্যক্রম পরিচালনা না করা:** ৮ নম্বর অনুচ্ছেদের আলোকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ব্যতিরেকে কোন তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান (Insurtech বা start up বা Fintech) কোনো বীমাকারীর সাথে ৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত কার্যক্রম পরিচালনায় যুক্ত হতে পারবে না।"।

৯। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ১০ এর (ক) এবং (খ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"(ক) এ গাইডলাইন্সের লঙ্ঘন হলে;

(খ) বীমা আইন, ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং এর অধীনে প্রণীত বিধি বা প্রবিধি বা অন্য কোন আইন বা বিধানের সাথে Insurtech/Start-up/Fintech প্রতিষ্ঠানের কার্যক্রম সাংঘর্ষিক অথবা পরিপন্থী হলে;"।

১০। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ১১ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"১১. **অনুমোদনের সময়কাল:** কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রাথমিক অনুমোদন তিন বছরের জন্য বলবৎ থাকবে।"।

১১। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ১২ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"১২) **অনুমোদনের নবায়ন:** ১১ নম্বর অনুচ্ছেদে বর্ণিত মেয়াদকাল অতিক্রান্ত হওয়ার পর অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ সন্তুষ্ট হলে নিম্নবর্ণিত শর্তে মেয়াদকাল প্রতি পঞ্জিকা বৎসরের জন্য নবায়ন করতে পারবে:

ক) কার্যমূল্যায়ন প্রতিবেদন ও নবায়নের যৌক্তিকতাসহ আবেদনপত্র;

খ) কর্তৃপক্ষ আবেদনের যোগ্যতা মূল্যায়ন করে নবায়ন করবে;

গ) আবেদনের মেয়াদ নবায়ন করা হলে অনুচ্ছেদ ১০ এর শর্তাদি নবায়নকৃত সময়ে একইভাবে প্রযোজ্য হবে।"।

১২। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ১৪ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"১৪. **তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন দাখিল**:

ক. স্যান্ডবক্সের অধীনে প্রদত্ত বীমা সেবা সংশ্লিষ্ট অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে;

খ. বীমা সেবার সকল রেকর্ড ও তথ্য যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করতে হবে;

গ. দেশে প্রচলিত আইন ও বিধি-বিধানের আলোকে তথ্যের ব্যবহার, গোপনীয়তা ও সুরক্ষা নিশ্চিত করতে হবে;

ঘ. পরীক্ষামূলক বীমা সেবার ক্ষেত্রে অন্তবর্তীকালীন প্রতিবেদন: বীমা পণ্য বা সেবা পরীক্ষা প্রক্রিয়া শুরুর ৬ মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যের আলোকে অর্জিত লক্ষ্য, বিভিন্ন পরিসংখ্যান, পরিচালনগত অসুবিধাসমূহ সম্বলিত প্রতিবেদন কর্তৃপক্ষে দাখিল করতে হবে;

ঙ. পরীক্ষামূলক বীমা সেবার ক্ষেত্রে চূড়ান্ত প্রতিবেদন: পরীক্ষা শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে গৃহীত উদ্ভাবন উদ্যোগের উদ্দেশ্যের বিপরীতে অর্জন পরীক্ষা পদ্ধতিতে অংশগ্রহণকারীদের মতামতের সংক্ষিপ্তসার, কোন অভিযোগ থাকলে তার উল্লেখসহ বিস্তারিত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।"।

১৩। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ ১৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

"১৫. **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ:** কর্তৃপক্ষ হতে অনুমোদন প্রাপ্তির পর রেগুলেটরি স্যান্ডবক্স প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয় নিশ্চিত করতে হবে;

(ক) রেগুলেটরি স্যান্ডবক্সের জন্য স্থাপিত সিস্টেমের শুদ্ধতা (integrity) সর্বদা সংরক্ষণ করতে হবে;

(খ) বীমা গ্রাহকদের তথ্যের গোপনীয়তা নিশ্চিত করতে হবে; এবং

(গ) পর্যাপ্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে সিস্টেমের গুণগতমান নিবিড় পরিবীক্ষণ এবং মূল্যায়ন করতে হবে।"।

ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ